**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/2/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল সংরক্ষণ অংশীদারিত্ব কর্মসূচির অনুদান হিসেবে 3 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করলেন

***খোলা স্থান সুরক্ষিত রাখা, পানির মান উন্নত করা এবং স্থানীয় অর্থনীতিকে সমর্থন করার জন্য 45টি ভূমি ট্রাস্টকে অনুদান প্রদান***

***2030 সালের মধ্যে স্টেটব্যাপী 30 শতাংশ সরকারি ভূমি সংরক্ষণ করার নিউ ইয়র্কের লক্ষ্য পূরণে সাহায্য করবে***

***প্রাকৃতিক জলবায়ু সমাধানের প্রচার করবে যা নিউ ইয়র্কের জলবায়ু কর্মপরিকল্পনার জন্য মুখ্য***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে পানির মান ও চাষের জমিকে সংরক্ষণ করে, জনগণের আউটডোর বিনোদনের সুযোগ বৃদ্ধি করে এবং সম্প্রদায়ের স্বাস্থ্য, পর্যটন ও অর্থনৈতিক বিকাশের সুবিধার্থে খোলা স্থান সংরক্ষণ করে এমন প্রকল্পসমূহের সমর্থনে স্টেটব্যাপী 45টি অলাভজনক ভূমি ট্রাস্টকে সংরক্ষণ অংশীদারিত্ব কর্মসূচি (Conservation Partnership Program) অনুদান হিসেবে 3 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করা হবে।ঘোষণায় নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংক্রান্ত সুরক্ষা তহবিলের (Environmental Protection Fund, EPF) মাধ্যমে প্রদত্ত 67টি অনুদানও রয়েছে যা অতিরিক্ত 3 মিলিয়ন মার্কিন ডলার বেসরকারি ও স্থানীয় অর্থায়নের ব্যবস্থা করবে।

"জলবায়ু পরিবর্তন প্রশমন করতে এবং আমাদের স্টেটের অতুলনীয় প্রাকৃতিক সংস্থানের সুরক্ষা করতে নিউ ইয়র্কের লড়াইয়ের জন্য ভূমি সংরক্ষণ অত্যাবশ্যকীয়," **গভর্নর হোকল বলেন।**"স্টেটব্যাপী ভূমি ট্রাস্টগুলির অতি গুরুত্বপূর্ণ কাজকে সমর্থন করলে তা আমাদেরকে 2030 সালের মধ্যে 30 শতাংশ সরকারি ভূমি রক্ষার আমাদের লক্ষ্যের কাছে নিয়ে যাবে, ভবিষ্যৎ প্রজন্মের কাছে যাতে সবুজ স্থান ও সংরক্ষিত প্রাকৃতিক আবাসস্থল উপলভ্য থাকে তা এটি নিশ্চিত করবে।"

ভূমি ট্রাস্ট জোটটি (Land Trust Alliance) নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের সাথে সমন্বয়ে সংরক্ষণ অংশীদারিত্ব কর্মসূচিটি পরিচালনা করে। সংরক্ষণ অংশীদারিত্ব কর্মসূচির

3.075 মিলিয়ন মার্কিন ডলার অনুদান এবং বেসরকারি ও স্থানীয় 3 মিলিয়ন মার্কিন ডলার অর্থায়ন একত্রে জলবায়ু পরিবর্তনের প্রতি স্টেটের ভূমির স্থিতিস্থাপকতা বৃদ্ধি করবে এবং কার্বন সংরক্ষণ করার মাধ্যমে জলবায়ু সমাধানসমূহে অবদান রাখবে। জলবায়ু পরিবর্তনের সাথে সংশ্লিষ্ট ঝুঁকির সমাধান করার জন্য প্রাকৃতিক জলবায়ু সমাধানের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা থাকবে।

**পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) কমিশনার ব্যাসিল সেগোস বলেন,** "নিউ ইয়র্ক স্টেট যখন জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) বাস্তবায়ন করা অব্যাহত রেখেছে, তখন ভূমি ট্রাস্ট সম্প্রদায়ে সংরক্ষণ অংশীদারিত্ব কর্মসূচি দ্বারা গঠিত ধারণক্ষমতা অনেক গুরুত্বপূর্ণ হবে। বন ও খোলা স্থান সংরক্ষণ করার ব্যাপারে ভূমি ট্রাস্ট একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যা আমাদেরকে স্কোপিং পরিকল্পনার কার্বন সিকোয়েস্টেশন লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করবে, যার মধ্যে রয়েছে বায়ু দূষণ এবং জলবায়ু পরিবর্তনকারী গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করতে সুবিধাবঞ্চিত এলাকাসমূহে প্রাকৃতিক স্থান সংরক্ষণ করা। অত্যাবশ্যকীয় এই কর্মসূচি পরিচালনা করার জন্য DEC ভূমি ট্রাস্ট জোটের প্রশংসা করছে।"

**ভূমি ট্রাস্ট জোটের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যান্ড্রু বোম্যান বলেন,** "খোলা স্থান যে বহু স্বাস্থ্য, বিনোদন ও অর্থনৈতিক সুবিধা প্রদান ওকরে তার জন্য নিউ ইয়র্কের মানুষের কাছে এগুলি প্রয়োজনীয় ও প্রিয়, এবং সংরক্ষণ অংশীদারিত্ব কর্মসূচির তহবিলের নতুন এই রাউন্ডটি নিউ ইয়র্কবাসী ও পরিবেশের স্বাস্থ্য ও সুস্থতা রক্ষার্থে একটি দৃঢ় প্রতিশ্রুতির সঙ্কেত প্রদান করে। এই অনুদানগুলি নিউ ইয়র্কের ভূমি ট্রাস্ট সম্প্রদায়ের শক্তিকে ব্যবহার করে মূল্যবান স্থানীয় আউটডোর স্থানকে সুরক্ষিত রাখবে এবং জরুরি জলবায়ু সুবিধা প্রদান করবে। জলবায়ু পরিবর্তনের সম্মুখীন হয়েও পরিষ্কার পানি, আউটডোর বিনোদন, এবং অর্থনৈতিক সুযোগের অব্যাহত উপলভ্যতা নিশ্চিত করার জন্য গভর্নর ক্যাথি হোকল, সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স, অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি, এবং DEC এর কমিশনার ব্যাসিল সেগোস যে কাজ করেছেন, ভূমি ট্রাস্ট জোটের পক্ষ থেকে আমি সেই কাজের প্রশংসা করছি।"

আজকের ঘোষিত অনুদানসমূহ 2,960 মার্কিন ডলার থেকে 100,000 মার্কিন ডলারের মধ্যে, এবং এর মধ্যে রয়েছে:

**ক্যাপিটাল রিজিয়ন - মোট 664,040 মার্কিন ডলার**

- এগ্রিকালচারাল স্টুয়ার্ডশিপ অ্যাসোসিয়েশন: পেশাদার বিকাশ অনুদান, 100,000 মার্কিন ডলার; লেনদেন অনুদান, 8,480 মার্কিন ডলার
- আমেরিকান ফার্মল্যান্ড ট্রাস্ট: অনুঘটক অনুদান, 85,000 মার্কিন ডলার
- কলাম্বিয়া ল্যান্ড কনজারভেন্সি: অনুঘটক অনুদান, 115,200 মার্কিন ডলার
- জিনেসি ল্যান্ড ট্রাস্ট: পেশাদার বিকাশ অনুদান, 78,000 মার্কিন ডলার
- লেক জর্জ ল্যান্ড কনজারভেন্সি: ধারণক্ষমতা অনুদান, 23,8000 মার্কিন ডলার; রক্ষণাবেক্ষণ এবং সংস্থান ব্যবস্থাপনা অনুদান, 44,500 মার্কিন ডলার

- মোহক হাডসন ল্যান্ড কনজারভেন্সি: রক্ষণাবেক্ষণ এবং সংস্থান ব্যবস্থাপনা অনুদান, 20,900 মার্কিন ডলার; লেনদেন অনুদান, 19,440 মার্কিন ডলার
- দ্য নেচার কনজারভেন্সি: ধারণক্ষমতা অনুদান, 50,000 মার্কিন ডলার
- পিটনি মিডোজ কমিউনিটি ফার্ম: ধারণক্ষমতা অনুদান, 23,600 মার্কিন ডলার
- রেনসেলার প্লাটাউ অ্যালায়েন্স: ধারণক্ষমতা অনুদান, 23,100 মার্কিন ডলার; লেনদেন অনুদান, 48,500 মার্কিন ডলার
- সারাটোগা PLAN: ধারণক্ষমতা অনুদান, 23,520 মার্কিন ডলার

**সেন্ট্রাল নিউ ইয়র্ক - মোট 88,300 মার্কিন ডলার**

- ক্যাজেনোভিয়া প্রিজার্ভেশন ফাউন্ডেশন: ধারণক্ষমতা অনুদান, 37,400 মার্কিন ডলার
- ফিঙ্গার লেকস ল্যান্ড ট্রাস্ট: লেনদেন অনুদান, 13,000 মার্কিন ডলার
- নিউ ইয়র্ক এগ্রিকালচারাল ল্যান্ড ট্রাস্ট: ধারণক্ষমতা অনুদান, 37,900 মার্কিন ডলার

**ফিঙ্গার লেকস - মোট 138,100 মার্কিন ডলার**

- জিনেসি ল্যান্ড ট্রাস্ট: ধারণক্ষমতা অনুদান, 49,400 মার্কিন ডলার; রক্ষণাবেক্ষণ এবং সংস্থান ব্যবস্থাপনা অনুদান, 74,400 মার্কিন ডলার
- জিনেসি ভ্যালি কনজারভেন্সি: ধারণক্ষমতা অনুদান, 14,300 মার্কিন ডলার

**লং আইল্যান্ড - মোট 253,900 মার্কিন ডলার**

- নর্থ শোর ল্যান্ড অ্যালায়েন্স: রক্ষণাবেক্ষণ এবং সংস্থান ব্যবস্থাপনা অনুদান, 92,700 মার্কিন ডলার
- পেকোনিক ল্যান্ড ট্রাস্ট: রক্ষণাবেক্ষণ এবং সংস্থান ব্যবস্থাপনা অনুদান, 61,200 মার্কিন ডলার

**মিড-হাডসন - মোট 870,950 মার্কিন ডলার**

- ডেলাওয়্যার হাইল্যান্ডস কনজারভেন্সি: লেনদেন অনুদান, 27,700 মার্কিন ডলার
- ডাচেস ল্যান্ড কনজারভেন্সি: ধারণক্ষমতা অনুদান, 49,000 মার্কিন ডলার; লেনদেন 75,000 মার্কিন ডলার
- হাডসন হাইল্যান্ডস ল্যান্ড ট্রাস্ট: ধারণক্ষমতা অনুদান, 50,000 মার্কিন ডলার; রক্ষণাবেক্ষণ এবং সংস্থান ব্যবস্থাপনা অনুদান, 100,000 মার্কিন ডলার
- মিয়ানুস রিভার গর্জ প্রিজার্ভ: রক্ষণাবেক্ষণ এবং সংস্থান ব্যবস্থাপনা অনুদান, 39,700 মার্কিন ডলার

- মোহক প্রিজার্ভ: ধারণক্ষমতা অনুদান, 27,500 মার্কিন ডলার; রক্ষণাবেক্ষণ এবং সংস্থান ব্যবস্থাপনা অনুদান, 50,000 মার্কিন ডলার
- অরেঞ্জ কাউন্টি ল্যান্ড ট্রাস্ট: লেনদেন অনুদান, 49,750 মার্কিন ডলার
- আউটডোর প্রমিজ: ধারণক্ষমতা অনুদান, 24,700 মার্কিন ডলার
- পাউন্ড রিজ ল্যান্ড কনজারভেন্সি: রক্ষণাবেক্ষণ এবং সংস্থান ব্যবস্থাপনা অনুদান, 35,000 মার্কিন ডলার
- পুটন্যাম কাউন্টি ল্যান্ড ট্রাস্ট: ধারণক্ষমতা অনুদান, 26,000 মার্কিন ডলার
- সেনিক হাডসন ল্যান্ড ট্রাস্ট: অনুঘটক অনুদান, 100,000 মার্কিন ডলার
- টিটাউন লেক রিজার্ভেশন: রক্ষণাবেক্ষণ এবং সংস্থান ব্যবস্থাপনা অনুদান, 51,700 মার্কিন ডলার
- ওয়ালকিল ভ্যালি ল্যান্ড ট্রাস্ট: রক্ষণাবেক্ষণ এবং সংস্থান ব্যবস্থাপনা অনুদান, 32,500 মার্কিন ডলার
- ওয়েস্টচেস্টার ল্যান্ড ট্রাস্ট: পেশাদার বিকাশ অনুদান, 100,000 মার্কিন ডলার; লেনদেন অনুদান 17,400 মার্কিন ডলার
- উডস্টক ল্যান্ড কনজারভেন্সি: রক্ষণাবেক্ষণ এবং সংস্থান ব্যবস্থাপনা অনুদান, 15,000 মার্কিন ডলার

**মোহক ভ্যালি - মোট 51,000 মার্কিন ডলার**

- নর্থইস্ট ওয়াইল্ডারনেস ট্রাস্ট: লেনদেন অনুদান, 31,000 মার্কিন ডলার
- টাগ হিল টুমোরো ল্যান্ড ট্রাস্ট: লেনদেন অনুদান, 20,000 মার্কিন ডলার

**নিউ ইয়র্ক সিটি - মোট 177,620 মার্কিন ডলার**

- ব্রুকলিন কুইন্স ল্যান্ড ট্রাস্ট: ধারণক্ষমতা অনুদান, 33,000 মার্কিন ডলার
- গ্রিন গেরিলাস: রক্ষণাবেক্ষণ এবং সংস্থান ব্যবস্থাপনা অনুদান, 44,620 মার্কিন ডলার
- দ্য ট্রাস্ট ফর পাবলিক ল্যান্ড: পেশাদার বিকাশ অনুদান, 100,000 মার্কিন ডলার
- ওপেন স্পেস ইনস্টিটিউট: অনুঘটক অনুদান, 75,00 মার্কিন ডলার

**নর্থ কান্ট্রি - মোট 513,790 মার্কিন ডলার**

- অ্যাডিরোন্ডাক ল্যান্ড ট্রাস্ট: রক্ষণাবেক্ষণ এবং সংস্থান ব্যবস্থাপনা অনুদান, 93,300 মার্কিন ডলার
- চ্যাম্পলেইন এরিয়া ট্রেইলস: পেশাদার বিকাশ অনুদান, 100,000 মার্কিন ডলার
- ইন্ডিয়ান রিভার লেকস কনজারভেন্সি: ধারণক্ষমতা অনুদান, 45,800 মার্কিন ডলার; লেনদেন অনুদান 2,960 মার্কিন ডলার
- নর্থইস্ট ওয়াইল্ডারনেস ট্রাস্ট: লেনদেন অনুদান: 69,000 মার্কিন ডলার

- OBI ল্যান্ড ট্রাস্ট: ধারণক্ষমতা অনুদান, 18,850 মার্কিন ডলার; লেনদেন অনুদান 7,880 মার্কিন ডলার
- ওপেন স্পেস ইনস্টিটিউট: রক্ষণাবেক্ষণ এবং সংস্থান ব্যবস্থাপনা অনুদান, 75,000 মার্কিন ডলার
- থাউজেন্ড আইল্যান্ডস ল্যান্ড ট্রাস্ট: পেশাদার বিকাশ অনুদান, 80,000 মার্কিন ডলার; লেনদেন অনুদান 21,000 মার্কিন ডলার

**সাউদার্ন টিয়ার - মোট 60,700 মার্কিন ডলার**

- ফিঙ্গার লেকস ল্যান্ড ট্রাস্ট: অনুঘটক অনুদান, 60,700 মার্কিন ডলার

**ওয়েস্টার্ন নিউ ইয়র্ক - মোট 256,600 মার্কিন ডলার**

- বাফেলো নায়াগ্রা রিভার ল্যান্ড ট্রাস্ট: ধারণক্ষমতা অনুদান, 70,000 মার্কিন ডলার
- গ্রাসরুটস গার্ডেন্স WNY: রক্ষণাবেক্ষণ এবং সংস্থান ব্যবস্থাপনা অনুদান, 36,600 মার্কিন ডলার
- ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ল্যান্ড কনজারভেন্সি: ধারণক্ষমতা অনুদান, 50,000 মার্কিন ডলার; অনুঘটক অনুদান, 100,000 মার্কিন ডলার

এই অনুদানগুলির একটি বিস্তারিত বর্ণনা DEC এর ওয়েবসাইটে উপলভ্য আছে।

নিজেদের কাজ ও কর্মকাণ্ড ভূমি সংরক্ষণ, রক্ষণাবেক্ষণ এবং অলাভজনক ব্যবস্থাপনার উচ্চ মানদণ্ড মেনে চলে এমন স্বাধীন প্রত্যয়নপ্রাপ্ত 35টি স্বীকৃত ভূমি ট্রাস্ট এই বছরের অনুদানপ্রাপ্তদের মধ্যে রয়েছে। স্বীকৃত অনুদানপ্রাপ্তদের মধ্যে রয়েছে অ্যাডিরোন্ডাক ল্যান্ড ট্রাস্ট, এগ্রিকালচারাল স্টুয়ার্ডশিপ অ্যাসোসিয়েশন, ক্যাজেনোভিয়া প্রিজার্ভেশন ফাউন্ডেশন, চ্যাম্পলেইন এরিয়া ট্রেইলস, কলাম্বিয়া ল্যান্ড কনজারভেন্সি, ডেলাওয়্যার হাইল্যান্ডস কনজারভেন্সি, ডাচেস ল্যান্ড কনজারভেন্সি, ফিঙ্গার লেকস ল্যান্ড ট্রাস্ট, জিনেসি ল্যান্ড ট্রাস্ট, জিনেসি ভ্যালি কনজারভেন্সি, গ্রাসরুটস গার্ডেন্স WNY, গ্রিন ল্যান্ড ট্রাস্ট, হাডসন হাইল্যান্ডস ল্যান্ড ট্রাস্ট, ইন্ডিয়ান রিভার লেকস কনজারভেন্সি, লেক জর্জ ল্যান্ড কনজারভেন্সি, মিয়ানাস রিভার গর্জ, মোহক হাডসন ল্যান্ড কনজারভেন্সি, মোহক প্রিজার্ভ, দ্য নেচার কনজারভেন্সি, নর্থইস্ট ওয়াইল্ডারনেস ট্রাস্ট, নর্থ শোর ল্যান্ড অ্যালায়েন্স, অরেঞ্জ কাউন্টি ল্যান্ড ট্রাস্ট, পাউন্ড রিজ ল্যান্ড কনজারভেন্সি, পুটন্যাম কাউন্টি ল্যান্ড ট্রাস্ট, রেনসেলার প্লাটাউ অ্যালায়েন্স, সারাটোগা PLAN, সেনিক হাডসন ল্যান্ড ট্রাস্ট, থাউজেন্ড আইল্যান্ড ল্যান্ড ট্রাস্ট, ট্রাস্ট ফর পাবলিক ল্যান্ড, টাগ হিল টুমোরো ল্যান্ড ট্রাস্ট, ওয়ালকিল ভ্যালি ল্যান্ড ট্রাস্ট, ওয়েস্টচেস্টার ল্যান্ড ট্রাস্ট, ওয়েস্টার্ন নিউ ইয়র্ক ল্যান্ড কনজারভেন্সি এবং উডস্টক ল্যান্ড কনজারভেন্সি।

2002 সালে সংরক্ষণ অংশীদারিত্ব কর্মসূচি শুরু হওয়ার পর থেকে এই বছরের অনুদানসহ কর্মসূচিটি 94টি ল্যান্ড ট্রাস্টকে 1,144টি অনুদান প্রদান করেছে যার মোট হলো 28 মিলিয়ন

মার্কিন ডলারের বেশি। সামগ্রিকভাবে, স্টেটের বিনিয়োগ স্থানীয় ও বেসরকারি উৎস থেকে আরো 29.5 মিলিয়ন মার্কিন ডলার অতিরিক্ত তহবিলের ব্যবস্থা করেছে।

2022 সালের ডিসেম্বর মাসে গভর্নর হোকল একটি বিধিমালায় স্বাক্ষর করেন যা 2030 সালের মধ্যে কম পক্ষে 30 শতাংশ মার্কিন ভূমি ও পানি সংরক্ষণ করার জাতীয় প্রয়াসকে সমর্থন ও তাতে অবদান রাখার লক্ষ্য নির্ধারণ করে। এই আইনটি জীববৈচিত্র্যের প্রচার করে এবং নিউ ইয়র্কের বন্যপ্রাণী, বন, এবং পরিষ্কার পানির উৎসকে সংরক্ষণ করে, এর সবই নিউ ইয়র্কের স্বাস্থ্য ও অর্থনীতির জন্য অত্যাবশ্যকীয়।2024 অর্থবছরের প্রণীত বাজেট EPF কে ঐতিহাসিক 400 মিলিয়ন মার্কিন ডলার দ্বারা টিকিয়ে রাখবে। EPF অতি গুরুত্বপূর্ণ পরিবেশ কর্মসূচির অর্থায়ন করে, যেমন ভূমি অধিগ্রহণ, কৃষিভূমির সুরক্ষা, আক্রমণাত্মক প্রজাতির প্রতিরোধ এবং নির্মূল, উন্নত বিনোদন পাওয়ার সুযোগ, পানির মান উন্নয়ন, এবং একটি আগ্রাসী পরিবেশ সংক্রান্ত ন্যায়বিচারের এজেন্ডা।

**ভূমি ট্রাস্ট জোট সম্পর্কে**
1982 সালে প্রতিষ্ঠিত ভূমি ট্রাস্ট জোট হলো একটি জাতীয় ভূমি সংরক্ষণ সংগঠন যা আমেরিকাজুড়ে ভূমির সংরক্ষণকে জোরদার করার মাধ্যমে মানুষের প্রয়োজনীয় ও প্রিয় স্থানগুলিকে রক্ষা করতে কাজ করে। জোটটি আনুমানিক 950 সদস্যের ভূমি ট্রাস্টের প্রতিনিধিত্ব করে যা দেশব্যাপী 250,000 এর বেশি স্বেচ্ছাসেবক এবং 6.3 মিলিয়ন সদস্য দ্বারা সমর্থিত হচ্ছে। জোটটির ওয়াশিংটন ডিসি ভিত্তিক এবং এটি একাধিক আঞ্চলিক অফিসে কর্মকাণ্ড পরিচালনা করে। জোটের ব্যাপারে আরো তথ্য www.landtrustalliance.org এ উপলভ্য আছে।

###


আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418



আনসাবস্ক্রাইব করুন